নমুনা ফরম

**(আবেদনকারী প্রতিষ্ঠান লেটারহেডে প্যাড ব্যবহার করবে)**

**স্মারক নং:** ***Proc/PROTTYASHI/OXFAM//Livelihood Project/Solar Lamp/2025***

**উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ: ০৫.১১.২০২৫ ইং**

বরাবর
নির্বাহী পরিচালক
প্রত্যাশী
প্রধান কার্যালয়: সৈয়দ বাড়ী,
৯০৩/এ, ওমর আলী মাতব্বর রোড, (বহদ্দার বাড়ীর সন্নিকটে),
চান্দগাঁও, চট্টগ্রাম-৪২১২।

**বিষয় : সোলার ল্যাম্প সরবরহের জন্য আবেদন।**

জনাব
আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী আপনার কর্তৃক আহবানকৃত উপর্যুক্ত টেন্ডার মোতাবেক প্রাতিষ্ঠানিক সকল শর্তসমূহ মেনে আপনাদের প্রতিষ্ঠানে সর্বনিম্ম দামে উপকারভোগীদের প্রদানের জন্য সোলার ল্যাম্প সরবরাহ করার জন্য একক মূল্য ও মোট মূল্য উল্লেখ পূর্বক আবেদন করছি। নিম্মের ছকে বিস্তারিত বিবরণ উল্লেখ করা হলো:

| SL | Item Name | Description/ specification | Brand Name | MOU | Qty | Unit Cost | Total Amount in BDT | Picture |
|---|---|---|---|---|---|---|---|---|
| 01. | Solar Lamp with Box | **Brightness (max):** 90 lm, **Light Settings**-Low-5 lm, Medium- 20 lm, High- 90 lm, **Runtime-** Low- 140 hours +, Medium- 25 hours +, High- 7 hours +, **Battery Type**-LiFePO4, **Battery Capacity-** 4.8 Wh, **Battery Lifespan-** 2,000 cycles, **Charge Time-** Solar 4 hours + or USB 1 hours +, **Solar Panel Type-** Monocrystalline, **Solar Panel Output-** 1.7 Wp ± 5% at 5 V, **Solar Panel Cable-** 4 meters retractable, **Weight**-660 grams, **Warranty-** 2 years | | Set | 1000 | | |  |
| | **Total Amount** | | | | | | | |

- **নোট:** উল্লেখিত সোলার ল্যাম্পের ছবি শুধুমাত্র নমুনা হিসাবে প্রদান করা হয়েছে।
- দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য বা প্রশ্ন থাকলে আগামী **১১ নভেম্বর ২০২৫ ইং** দুপুর ৩.০০টা (পি.এম.) হতে ৩.৪০মিনিট (পি.এম.) এর মধ্যে নিন্মোক্ত লিংকে সংযুক্ত হয়ে সরাসরি প্রশ্ন-উত্তর পর্বে যুক্ত হওয়ার জন্য আহবান করছি।
- **Invite Link:**

https://us05web.zoom.us/j/7709590085?pwd=SnQfkPkxo3qb4MbeDKFBFdIwLbc8b3.1&omn=83805068198

(Meeting ID: 770 959 0085 Passcode: 123456)

**সোলার ল্যাম্প সরবরাহের শর্ত সমূহ:**

১. **দরপত্র দাখিলের সময়সীমা ঃ আগামী ১৯/১১/২০২৫ ইং তারিখ এর মধ্যে দরপত্র দাখিল করতে হবে।**

২. **দরপত্র দাখিলের ঠিকানা ঃ**

- **Email ID: procurement.prottyashi@gmail.com** অথবা
- **হার্ড কপি/ মূল কপি নিম্নে উল্লেখিত ঠিকানায় নির্ধারিত টেন্ডার বক্সে আঠা বা গাম দিয়ে লাগানো মুখবন্ধ খামেরে মাধ্যমে দরপত্র দাখিল করতে হবে।**
- **"প্রত্যাশী" প্রধান কার্যালয় ঃ** সৈয়দ বাড়ি, ৯০৩/এ ওমর আলী মাতব্বর রোড, (বহদ্দার বাড়ীর সন্নিকটে) চান্দগাঁও, চট্টগ্রাম **অথবা**
- **প্রত্যাশী প্রকল্প অফিস ঃ** House 1050, Ayman Plaza, 1st floor, malvita para, Beside Rajapalong Union parishad, Ukhiya Upazila, Cox's Bazar এ নির্ধারিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে।

৩. দরদাতা বা সরবরাহকারী প্রতিষ্ঠান সংস্থা বা প্রতিষ্ঠানের লেটারহেড প্যাড ব্যবহার করে দরপত্র দাখিল করতে হবে।

৪. দরপত্র দাখিলের ক্ষেত্রে উল্লেখিত সোলার ল্যাম্পের সিরিয়াল ও নাম ঠিক রেখে দরপত্র প্রদান করতে হবে।

৫. সরবরাহকারীকে অবশ্যই উপকারভোগীদের সোলার ল্যাম্পের একক মূল্য ও মোট মূল্য উল্লেখ করে আর্থিক মূল্যে দরপত্র বা কোটেশন দাখিল করতে হবে।

৬. সোলার ল্যাম্পের ব্র্যান্ডের নাম বা কোম্পানীর নাম ও সু-নির্দিষ্ট বিবরণ অব্যশই উল্লেখ করতে হবে **(যে সব ক্ষেত্রে প্রযোজ্য)।**

৭. **পণ্য সামগ্রী বা উপকরণ সরঞ্জাম সরবরাহের সময়সীমা ঃ** দরপত্রে অবশ্যই কার্যাদেশ প্রাপ্তি সাপেক্ষ কত দিনের মধ্যে সোলার ল্যাম্প সরবরাহ করতে পারবেন তার সময়সীমা **(দিন অনুযায়ী)** অবশ্যই উল্লেখ করতে হবে।

৮. দরদাতাদের অবশ্যই সোলার ল্যাম্প সমূহের একক মূল্য কতদিন পর্যন্ত অপরিবর্তিত থাকবে তা অবশ্যই উল্লেখ করতে হবে।

৯. দ্রুততম সময়ে সরবরাহ ও পণ্যের মান নিশ্চিত করার স্বার্থে প্রত্যাশী সংস্থা এক বা একাধিক প্রতিষ্ঠানকে সোলার ল্যাম্প সরবরাহের জন্য সরবরাহকারী হিসাবে নির্বাচন করতে পারে।

১০. কাজের অর্ডার মূল্যের উপর ভিত্তি করে, চূড়ান্তভাবে নির্বাচিত সরবরাহকারীকে মোট মূল্যের ৫% নিরাপত্তা আমানত হিসেবে পে-অর্ডারের মাধ্যমে প্রদান কার্যালয়ে জমা দিকে হবে।

১১. সংস্থা বা প্রকল্পের চাহিদা অনুযায়ী উল্লেখিত সোলার ল্যাম্পের পরিমাণ হ্রাস বা বৃদ্ধি হতে পারে, সেক্ষেত্রে সোলার ল্যাম্প এর একক মূল্য অবশ্যই দাখিলকৃত দরপত্র অনুযায়ী অপরিবর্তীত থাকবে।

১২. **উপকারভোগীদের সোলার ল্যাম্প সরবরাহের ঠিকানা ঃ**

PROTTYASHI OXFAM PROJECT OFFICE: House 1050, Ayman Plaza, 1st floor, malvita para, Beside Rajapalong Union parishad, Ukhiya Upazila, Cox's Bazar।

১৩. তালিকা অনুযায়ী প্রতিটি সোলার ল্যাম্পের একক বা মোট মূল্যের মধ্যে মূল্য সংযোজন কর (ভ্যাট), পণ্য পরিবহন খরচ, লেবার খরচ ও ডেলিভারী খরচ সহ সকল প্রকার খরচ অন্তর্ভূক্ত থাকবে। নির্ধারিত পণ্যের একক মদূল্য বা মোট মূল্য ছাড়া অতিরিক্ত কোন প্রকার মূল্য প্রদান করা যাবে না।

১৪. সোলার ল্যাম্প সরবরাহ বাবদ কোন অগ্রিম টাকা প্রদান করা হবে না।

১৫. সোলার ল্যাম্প সরবরাহের পর সংশিষ্ট কর্মকর্তা কর্তৃক যাচাই এবং সরবরাহকারীর নিকট হতে চালান, বিল ও মূসক ৬.৩ দাখিল পূর্বক বিল পরিশোধ করা হবে। বিল পরিশোধের সময় সরকারী বিধি অনুযায়ী প্রযোজ্য আয়কর ও ভ্যাট উৎস স্থলে কর্তন করে বিল প্রদান করা হবে।

১৬. বিল একাউন্ট পে চেক/পে-অর্ডার/অনলাইন ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ করা হবে। সেক্ষেত্রে বিল দাখিলের সময় প্রতিষ্ঠানের নামে ব্যাংক হিসাব নাম, হিসাব নাম্বার, ব্যাংকের নাম, ব্যাংক ব্রাঞ্চ নাম ও ঠিকানা, রাউটিং নাম্বার সহ তথ্য প্রদান করতে হবে।

১৭. সরবরাহকৃত প্রতিটি সোলার ল্যাম্প অবশ্যই দরপত্রে উল্লেখিত বিবরণ অনুযায়ী ও উন্নত মানের হতে হবে।

১৮. ক্রুটিপূর্ণ ও ব্যবহার অনুপযোগী সোলার ল্যাম্প অবশ্যই পরিবর্তন করতে হবে, যার সম্পুর্ণ দায় দায়িত্ব সরবরাহকারীকে বহন করতে হবে।

১৯. সংস্থার চাহিদার ভিত্তিতে সোলার ল্যাম্প সরবরাহ করতে ব্যর্থ হলে সংস্থা যেকোন সময় কার্যাদেশ বাতিল করতে বাধ্য থাকবে।

২০. দরদাতা বা সরবরাহকারীগণ আর্থিক প্রস্তাবনার সাথে কারিগরী মূল্যায়ন নথিপত্র যেমন- নবায়নকৃত/ হালনাগাদ (২০২৫-২০২৬) ট্রেড লাইসেন্স, টি.আই.এন. কপি (টিআইএন সার্টিফিকেট), ইনকাম ট্যাক্স সার্টিফিকেট, বি.আই.এন. কপি, Bank solvency certificate/Bank Account No. Information এর ফটোকপি, সংশিষ্ট প্রতিষ্ঠানের সত্ত্বাধীকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মালামাল সরবরাহের অভিজ্ঞতা সনদ/ সার্টিফিকেট/ কার্যাদেশ/ ক্রয়াদেশ/ অন্যান্য নথিপত্র দাখিল করতে হবে।

২১. **সরবরাহকারী নির্বাচন প্রক্রিয়া ঃ** সোলার ল্যাম্প একক বা মোট আর্থিক মূল্য, কারিগরী নথিপত্র, কার্যদেশ অনুযায়ী পণ্য সামগ্রী বা উপকরণ সরঞ্জাম সরবরাহের সময়সীমা, পণ্য সামগ্রী বা উপকরণ সরঞ্জাম সরবরাহের অভিজ্ঞতার ভিত্তিতে শুধুমাত্র প্রাথমিক ভাবে

এক বা একাধিক সরবরাহকারী নির্বাচিত করা হবে। র‍্যাংকিং অনুযায়ী নির্বাচিত এক বা একাধিক সরবরাহকারীর নিকট হতে সোলার ল্যাম্পের এর নমুনা সংগ্রহ করা হবে, সরবরাহকারী / সরবরাকারীদের পণ্য সামগ্রী বা উপকরণ সরঞ্জাম এর নমুনা সন্তোষজনক হলে, কার্যাদেশ প্রদানের জন্য চূড়ান্ত সরবরাহকারী হিসাবে নির্বাচিত করা হবে। সে-ক্ষেত্রে মানসম্মত পণ্য সামগ্রী বা উপকরণ সরঞ্জাম সরবরাহ বিশেষ ভূমিকা পালন করবে।

২২. যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রত্যাশী কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। তাছাড়া দাতা সংস্থার নির্দেশনা, বাজেট স্বল্পতা ইত্যাদি কারণ উল্লেখ পূর্বক কার্যাদেশ বা চুক্তিপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**(আবেদন দাখিলকারীর সীলসহ স্বাক্ষর)**

**তারিখ :**

যোগাযোগের ফোন নম্বর:

**বিশেষ দ্রষ্টব্য:** কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন এবং সর্বক্ষেত্রে দরপত্র আহবানকারী প্রতিষ্ঠানের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য বলে বিবেচিত হবে। দরপত্র সংক্রান্ত যে কোন প্রশ্ন, তথ্য বা ব্যাখ্যা জানার জন্য দরদাতাগণকে ই-মেইল : procurement.prottyashi@gmail.com করার জন্য অনুরোধ করা হল।

প্রত্যাশী ওয়েব-সাইড **www.prottyashi.org** হতে পূর্ণ দরদাতার তথ্য ফর্ম (ভি.আই.এফ.) সংগ্রহ করে তা পূরণ করে দরপত্রের সাথে প্রেরণ করার জন্য প্রত্যাশী'র পক্ষ হতে আহবান করছি।

**উপযুক্ত বা চুড়ান্ত সরবরাহকারী নির্বাচনের মানদন্ড এবং মূল্যায়নের নম্বর বিতরণ পদ্ধতি ঃ**

| মানদণ্ড | নম্বর (%) | বিস্তারিত বিবরণ |
|---|---|---|
| ১. দর | ৭০% | মোট মূল্যের মধ্যে মূল্য সংযোজন কর (ভ্যাট), পণ্য পরিবহন খরচ, লেবার খরচ, ডেলিভারী খরচ ও মাষ্টার প্যাকেট খরচ সহ সকল প্রকার খরচ অন্তর্ভুক্ত থাকবে। মূল্য পরিশোধের সময় **সরকারী বিধি অনুয়ায়ী** প্রযোজ্য আয়কর ও ভ্যাট উৎস স্থলে কর্তন করে বিল প্রদান করা হবে। সর্বনিম্ন দরদাতা সর্বোচ্চ নম্বর পাবেন। |
| ২. কারিগরী নথি | ১০% | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নবায়নকৃত/ হালনাগাদ (২০২৫-২০২৬) ট্রেড লাইসেন্স, টি.আই.এন. কপি (টিআইএন সার্টিফিকেট), ইনকামটেক্স সার্টিফিকেট, বি.আই.এন. কপি, Bank solvency certificate এর ফটোকপি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সত্ত্বাধীকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মালামাল সরবরাহের অভিজ্ঞতা সনদ/ সার্টিফিকেট/ কার্যাদেশ/ ক্রয়াদেশ/ অন্যান্য নথিপত্র দাখিল করতে হবে। |
| ৩. পণ্য সরবরাহের অভিজ্ঞতা | ১০% | পণ্য সামগ্রী বা উপকরণ সরঞ্জাম সরবরাহের অভিজ্ঞতার নথিপত্র (সনদ/ সার্টিফিকেট/ কার্যাদেশ/ ক্রয়াদেশ/ অন্যান্য নথিপত্র)। |
| ৪. সোলার ল্যাম্প সরবরাহের সময়সীমা | ১০% | কার্যাদেশ অনুযায়ী সোলার ল্যাম্প সরবরাহের সময়সীমা। |
| **মোট নম্বর =** | **১০০%** | |